# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পেশাব-পায়খানার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৬। পেশাব-পায়খানা করার সময় পর্দা জরুরী

এ জন্য বাড়ির ভিতরে বাথরুম হওয়া খুবই দরকার। অবশ্য বাইরে পেশাব-পায়খানা করতে হলে এমন জায়গায় বসতে হবে যেখানে কেউ যেন দেখতে না পায়। কোন উঁচু জায়গা, ঝোপের আড়াল বা রাতের অন্ধকার যেন আপনাকে গোপন করে নেয়।

ইসলামী শরীয়তে ইজ্জত ও শরমগাহের যথার্থ হিফাযত করতে আদেশ দেওয়া হয়েছে। সুতরাং পুরুষ ছাড়া বিশেষ করে মহিলাদের ইজ্জত রক্ষার ব্যাপার অবশ্যই খেয়াল রাখতে হয়। রসূল (ﷺ) যখন নিজ প্রয়োজনে যেতেন তখন অনেক দূরে যেতেন এবং লোকচক্ষু থেকে নিজেকে গোপন করে নিতেন।[1]

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৩৬৩, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৭৪ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=6990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন